

২০২৫

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠ্যক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(বাংলা প্রবন্ধের রূপভেদ, জীবনী ও প্রবন্ধ পাঠ)

[CBCS]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

ক) রম্যরচনার সংজ্ঞা ও দুটি সার্থক রম্যরচনার নাম লেখো।

খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি ভ্রমণসাহিত্যের নাম লেখো।

গ) উদাহরণসহ ভ্রমণসাহিত্যের সংজ্ঞা লেখো।

ঘ) প্রথম ডায়েরী লেখা কবে শুরু হয় এবং লেখক কে?

ঙ) সার্থক জীবনী সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

চ) 'আমি ঐ কড়ি আনিয়া নানাবিধ জিনিস তৈয়ার করিতে আরম্ভ করিলাম।' — কে কড়ি দিয়ে কী কী জিনিস বানিয়েছিলেন?

ছ) 'আমার জীবন' গ্রন্থখানি প্রথম কবে প্রকাশিত হয়? দ্বিতীয় সংস্করণ কে কবে প্রকাশ করেন?

(পরের পাতায়)

- জ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির প্রবন্ধগুলি কোন পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয়?
- ঝ) 'মনুষ্যফল' প্রবন্ধে লেখক মানুষকে কিসের সঙ্গে তুলনা করেছেন?
- ঞ) 'আমার মন' প্রবন্ধের কয়টি অংশ ও কী কী?
- ট) "থাম! থাম মার্জারপণ্ডিত! তোমার কথাগুলি ভারি সোসিয়ালিস্টিক! সমাজবিশুদ্ধতার মূল!"— কেন এই কথাগুলি বলা হয়েছিল?
- ঠ) 'সদ্য গাছ হইতে পাড়িয়া এ ফল খাইতে নাই' — কোন গ্রন্থে কোন ফলের কথা বলা হয়েছে?
- ড) 'কমলাকান্তের দপ্তর' কার, কোন গ্রন্থের অনুসরণে লেখা?
- ঢ) পত্রসাহিত্য বলতে কী বোঝায়? উদাহরণ দাও।
- ণ) ডায়েরি কাকে বলে? একটি সার্থক ডায়েরিধর্মী রচনার নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) 'আমার দুর্গোৎসব' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের স্বদেশভাবনার স্বরূপ বুঝিয়ে দাও।
- খ) 'একা' প্রবন্ধে লেখক যে একাকীত্বের যন্ত্রণা ব্যক্ত করেছেন তা আলোচনা করো।
- গ) একটি সার্থক ভ্রমণসাহিত্যের অবলম্বনে ভ্রমণসাহিত্যের স্বরূপ-বৈশিষ্ট্য আলোচনা করো।
- ঘ) 'আমার জীবন' গ্রন্থে লেখিকার জীবনে শিক্ষার জন্য আগ্রহ এবং ধর্মভাব কীভাবে সম্পৃক্ত তা আলোচনা করো।

ঙ) 'মনুষ্যসকল ফলবিশেষ — মায়াবৃত্তে সংসারবৃত্তে ঝুলিয়া রহিয়াছে' — কমলাকান্ত কীভাবে মনুষ্যকে ফলের সঙ্গে তুলনা করেছেন - আলোচনা করো।

চ) ব্যক্তিগত প্রবন্ধ ও বস্তুগত প্রবন্ধের পার্থক্যগুলি উদাহরণসহ লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) 'আমার মন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের দার্শনিক উপলব্ধির স্বরূপ বিশ্লেষণ করো।

খ) 'মনুষ্যফল' প্রবন্ধের নামকরণের সার্থকতা বিচার করো।

গ) পত্রসাহিত্য ও ডায়েরির পার্থক্য নির্দেশ করো।

ঘ) রম্যরচনা বলতে কী বোঝায়? একটি সার্থক রম্যরচনা উদাহরণসহ বিশ্লেষণ করো।